

# କୃମି ମାଦ୍ରାସାର ସର୍ବୋଚ୍ଚ ମନ୍ଦରେ ଆଇନି ସ୍ଥିକୃତି

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

ঢাকা, মঙ্গলবার, ১৪ আগস্ট ২০১৮

କୃତି ମାନ୍ଦ୍ରାସାର ସର୍ବୋଚ୍ଚ ସନ୍ଦକେ ସାଧାରଣ ଶିକ୍ଷାର  
ନ୍ଯାତକୋତ୍ତର ଡିଗ୍ରିର ସ୍ଥିକୃତି ଦେଯାର ଜନ୍ୟ ଆଇନେର  
ଖସଡା ନୀତିଗତ ଅନୁମୋଦନ ଦିଯେଛେ ମହିମାବତ୍ତା ।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপত্রিত্বে গতকাল তার কাষালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে 'কওমি মাদ্রাসাসমূহের দ্বাওয়ায়ে হাদিস (তাকমীল) এর সনদকে মাস্টার্স ডিগ্রি (ইসলামিক স্টাডিজ ও আরবি) সমমান প্রদান আইন, ২০১৮' এর খসড়ার অনুমোদন দেয়া হয়।

বৈঠক শেষে সচিবালয়ে এক ব্রিফিংয়ে  
মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ  
তথ্য জানিয়ে আরও বলেন, ‘আগে থেকেই হয়ে  
আসছে, সেটাকে আইনি কাঠামোতে নিয়ে আসা  
হচ্ছে। এখানে একটি বোর্ডের বিষয় রয়েছে। সারা  
দেশে ছয়টি বোর্ড কওমি মাদ্রাসাগুলোকে  
নিয়ন্ত্রণ করছে। এদের নিয়ে কওমি মাদ্রাসা শিক্ষা  
বোর্ড করা হবে। এটার নাম হচ্ছে- আল  
হাইয়্যাতুল উলিয়ালিল জামিয়াতুল কাওমিয়া  
বাংলাদেশ।’

২০১৭ সালের ১১ এপ্রিল কওমি মাদ্রাসার সর্বোচ্চ সনদকে সাধারণ শিক্ষার স্নাতকোত্তর ডিগ্রির

স্বীকৃত দেয়ার ঘোষণা দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর দুই দিন পর ১৩ এপ্রিল কওমি মাদ্রাসার সর্বোচ্চ সনদকে সাধারণ শিক্ষার স্নাতকোত্তর ডিগ্রির স্বীকৃতি দিয়ে আদেশ জারি করে শিক্ষা মন্ত্রণালয়।

এ বিষয়ে নতুন আইন পাস হওয়ার আগেই গত মার্চে এক হাজার ১০ জন কওমি আলেমকে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৬ষ্ঠ পর্যায়) প্রকল্পের আওতায় সরকারি চাকরিতে নিয়োগ দেয়া হয়।

গত বছরের শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন তুলে ধরে মন্ত্রিপরিষদ সচিব বুলেন, ‘কৃয়েকজন বিশিষ্ট ব্যক্তিবর্গকে নিয়ে একটি কমিটি করা হয়। তারা কওমি মাদ্রাসা শিক্ষায় বোর্ডের মতো কাজ করবে। সেটাকে অনেকটা এখানে নিয়ে আসা হয়েছে। এটি ১০টি ধারার একটি আইন।’

খসড়া আইনে বিভিন্ন বিষয়ে সংজ্ঞা দেয়া রয়েছে উল্লেখ করে তিনি বলেন, ‘কওমির সংজ্ঞায় বলা হয়েছে- আহলে সুন্নাত ওয়াল জামাত ও দারুল উলুম দেওবন্দের আদর্শ মূলনীতি ও মতপথের অনুসরণে মুসলিম জনসাধারণের আধিক সহায়তায় ওলামায়ে-কেরামের মাধ্যমে প্রতিষ্ঠিত ও পরিচালিত ইলমে ওহীর শিক্ষা কেন্দ্র।’

বর্তমানে ছয়টি কাওমি মাদ্রাসা শিক্ষাবোর্ড আছে যেগুলো নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে জানিয়ে মন্ত্রিপরিষদ সচিব বলেন, ‘একেক এলাকায় একেকটি। বেফাকুল মাদারিসিলি আরাবিয়া বাংলাদেশ, বেফাকুল মাদারিসিলি কওমিয়া গওহরডাঙ্গা বাংলাদেশ, আক্রুজমানে

ইত্তেহাদুল মাদারাসল বাংলাদেশ, আজাদ দ্বীন  
এদারায়ে তালীম বাংলাদেশ, তানজিমুল  
মাদারিস দ্বীনিয়া বাংলাদেশ ও জাতীয় দ্বীনি  
মাদরাসা শিক্ষা বোর্ড বাংলাদেশ। বাংলাদেশে যত  
কওমি মাদরাসা আছে, সেগুলোকে এই ছয়টি  
বোর্ড নিয়ন্ত্রণ করে। এই ছয়টি বোর্ড নিয়ে আল  
হাইয়াতুল উলিয়ালিল জামিয়াতুল কাওমিয়া  
বাংলাদেশ গঠন করা হবে। এটাই হবে কওমি  
মাদরাসা শিক্ষা বোর্ড। এর কায়ালয় হবে ঢাকায়।'